স্বাধীনতা শিক্ষা সমতা প্রযুক্তি

# সরকারি কলেজ শিক্ষক সমিতি (সকশিস)

অস্থায়ী কেন্দ্রীয় কার্যালয়: ১২, চৌধরী ম্যানশন কলওয়ালা পাড়া, মিরপুর- ১, ঢাকা- ১২১৬

মোবাইল নম্বর: ০১৭১১-৯০৭১৪০, ০১৭১২-৬২৫৫৬৪; E-mail: sakshis.official.info@gmail.com

সূত্র: তারিখ:

তারিখ: ২৬ অক্টোবর ২০২৫খ্রি.

বরাবর
সভাপতি
জাতীয় বেতন কমিশন- ২০২৫
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয়: জাতীয় বেতন স্কেল- ২০২৫ বাস্তবায়নের লক্ষ্যে সরকারি কলেজ শিক্ষক সমিতি (সকশিস) এর প্রস্তাবনা।**

প্রিয় মহোদয়,

জাতীয় বেতন কমিশন- ২০২৫ গঠন হওয়ার পর থেকে একটি সময়োপযোগী ও মর্যাদাপূর্ণ জাতীয় বেতন কাঠামো গঠনের জন্য আপনি ও আপনার দপ্তর নিরলসভাবে কাজ করে যাওয়ায় জন্য সাধুবাদ জানাচ্ছি। আমাদের একটি প্রতিনিধি দলকে জাতীয় বেতন স্কেল- ২০২৫ এ আলোচনার সুযোগ দানের জন্য সরকারি কলেজ শিক্ষক সমিতি (সকশিস)'র পক্ষ থেকে কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। সরকারি কলেজ শিক্ষক সমিতি (সকশিস) সরকারি কলেজ শিক্ষক-কর্মচারী অঙ্গনের সর্ববৃহৎ সংগঠন। এই সংগঠন কর্মচারীদের ন্যায্য দাবি নিয়ে দীর্ঘ প্রায় ১ (এক) দশক যাবৎ কাজ করে আসছে। সরকারি কলেজ শিক্ষক সমিতি (সকশিস) এর নেতৃবৃন্দের উদ্যোগে বিদ্যমান বাজার ব্যবস্থা ও মুদ্রাস্ফিতি পর্যবেক্ষণের মাধ্যমে বাস্তবতার নিরিখে ২০১৫ সালের বৈষম্যমূলক পে-স্কেলের চরম বৈষম্য দূরীকরণ ও গত ১০বছরে ২টি পে-স্কেল বঞ্চিত হওয়া এবং ২০১৫ সালের তুলনায় ২০২৫ সালে জীবনযাত্রার ব্যয় ও বাজারদর বহগুণ বৃদ্ধি পাওয়া ইত্যাদি বিবেচনা হেতু নতুন পে-স্কেলে সেই অনুপাতে বৈষম্য কমিয়ে বেতন ভাতাদি নির্ধারণ করা জরুরি। ৬ সদস্যের ১টি পরিবারের জীবন যাপনের ব্যয় হিসেবে কর্মচারীদের মতামতের ভিত্তিতে বর্তমান ২০টি গ্রেডকে ১৫টি গ্রেডে সমন্বয়-সহ আপনার সদাশয় সুবিবেচনার জন্য সরকারি কলেজ শিক্ষক সমিতি (সকশিস)'র পক্ষ থেকে জাতীয় বেতন স্কেল- ২০২৫ এর নিম্ন বর্ণিত প্রস্তাবনা পেশ করছি-

**প্রস্তাবিত গ্রেড অনুযায়ী প্রারম্ভিক বেতন স্কেল (অনুপাত ১ : ৪.৮০)**

| বর্তমান/চলমান গ্রেড | প্রস্তাবিত গ্রেড | প্রস্তাবিত গ্রেড অনুযায়ী বেতন (টাকায়) | পার্থক্য (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|
| গ্রেড ১ | ১ম গ্রেড | ১,৫৬,০০০ টাকা | (স্থির) | |
| গ্রেড ২ | ২য় গ্রেড | ১,৩৬,০০০ টাকা | ২০,০০০ টাকা | |
| গ্রেড ৩ | ৩য় গ্রেড | ১,২০,০০০ টাকা | ১৬,০০০ টাকা | |
| গ্রেড ৪ | ৪র্থ গ্রেড | ১,০৫,০০০ টাকা | ১৫,০০০ টাকা | |
| গ্রেড ৫ | ৫ম গ্রেড | ৯০,০০০ টাকা | ১৫,০০০ টাকা | |
| গ্রেড ৬ | ৬ষ্ঠ গ্রেড | ৭৮,০০০ টাকা | ১২,০০০ টাকা | |
| গ্রেড ৭ | ৭ম গ্রেড | ৬৮,০০০ টাকা | ১০,০০০ টাকা | |
| গ্রেড ৮<br>গ্রেড ৯ | ৮ম গ্রেড | ৬১,০০০ টাকা | ৭,০০০ টাকা | |
| গ্রেড ১০ | ৯ম গ্রেড | ৫৫,০০০ টাকা | ৬,০০০ টাকা | |
| গ্রেড ১১<br>গ্রেড ১২ | ১০ম গ্রেড | ৫০,০০০ টাকা | ৫,০০০ টাকা | |
| গ্রেড ১৩ | ১১তম গ্রেড | ৪৫,০০০ টাকা | ৫,০০০ টাকা | |
| গ্রেড ১৪ | ১২তম গ্রেড | ৪১,০০০ টাকা | ৪,০০০ টাকা | |
| গ্রেড ১৫<br>গ্রেড ১৬ | ১৩তম গ্রেড | ৩৮,০০০ টাকা | ৩,০০০ টাকা | |
| গ্রেড ১৭<br>গ্রেড ১৮ | ১৪তম গ্রেড | ৩৫,০০০ টাকা | ৩,০০০ টাকা | |
| গ্রেড ১৯<br>গ্রেড ২০ | ১৫তম গ্রেড | ৩২,৫০০ টাকা | ২,৫০০ টাকা | |

স্বাধীনতা শিক্ষা সমতা প্রযুক্তি

# সরকারি কলেজ শিক্ষক সমিতি (সকশিস)

অস্থায়ী কেন্দ্রীয় কার্যালয়: ১২, চৌধরী ম্যানশন কলওয়ালা পাড়া, মিরপুর- ১, ঢাকা- ১২১৬

মোবাইল নম্বর: ০১৭১১-৯০৭১৪০, ০১৭১২-৬২৫৫৬৪; E-mail: sakshis.official.info@gmail.com

সূত্র: তারিখ:

✓ উলেখ্য, যদি একজন সর্বনিম্ন বেতনভুক্ত সরকারি কর্মচারীর পরিবারে মোট ৬জন সদস্য থাকেন, তবে তাদের শুধুমাত্র খাদ্য বাবদ মাসিক ন্যূনতম ব্যয় হয়- {দৈনিক জন প্রতি (সকালের নাস্তা ৩০টাকা+দুপুরের খাবার ৭৫টাকা+রাতের খাবার ৭৫টাকা) =১৮০টাকা X৬X৩০}=৩২,৪০০টাকা

✓ বর্তমানে সরকারি হাসপাতালে চিকিৎসাধীন একজন রোগীর জন্য দৈনিক শুধুমাত্র খাদ্য ও পথ্য বাবদ ১৭৫টাকা বরাদ্দ দেওয়া হয়, তাহলে, মাসিক ন্যূনতম ব্যয় হয় ১৭৫টাকা (প্রতিজন/প্রতিদিন) ০৬জন×৩০দিন =৩১,৫০০টাকা।

**★ প্রস্তাবিত মাসিক বাড়ি ভাড়া ভাতার হার:**

| ক্রমিক নং | এলাকার বিবরণ | মাসিক বাড়ি ভাড়া ভাতার হার | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকার জন্য | মূল বেতনের ৬৫% হারে | |
| ২ | অন্যান্য সিটি কর্পোরেশন এলাকার জন্য | মূল বেতনের ৬০% হারে | |
| ৩ | জেলা শহর ও পৌর এলাকার জন্য | মূল বেতনের ৫৫% হারে | |
| ৪ | অন্যান্য এলাকার জন্য | মূল বেতনের ৫০% হারে | |

**★ প্রস্তাবিত বার্ষিক ভাতা:**

✓ ২টি উৎসব ভাতা মূল বেতনের সমপরিমান অর্থাৎ ১০০% প্রদান

✓ ১টি বৈশাখী ভাতা মূল বেতনের ৫০% হারে প্রদান

✓ ১টি বিজয় দিবস ভাতা মূল বেতনের ২০% হারে প্রদান

✓ বার্ষিক বেতন বৃদ্ধি (ইক্রিমেন্ট) ৫% এর পরিবর্তে মূল বেতনের ১০% হারে প্রদান

✓ শ্রান্তি বিনোদন ভাতা ৩ বছরের পরিবর্তে প্রতি ২ বছর পর পর প্রদানের দাবি করছি। (স্বামী-স্ত্রী উভয় সরকারি চাকরিজীবির জন্য প্রযোজ্য হবে)

**★ প্রস্তাবিত মাসিক ভাতা:**

✓ চিকিৎসা ভাতা মূল বেতনের ১০% হারে, সর্বনিম্ন =৫০০০টাকা (দুইটির মধ্যে যেটি বেশি সেটি প্রদান)

✓ শিক্ষা ভাতা (সন্তান প্রতি) =২৫০০টাকা প্রদান

✓ টিফিন ভাতা মূল বেতনের ৫% হারে, সর্বনিম্ন =২০০০টাকা (দুইটির মধ্যে যেটি বেশি সেটি প্রদান)

✓ যাতায়াত ভাতা মূল বেতনের ৫% হারে, সর্বনিম্ন =২০০০টাকা (দুইটির মধ্যে যেটি বেশি সেটি প্রদান)

✓ ধোলাই ভাতা =৫০০টাকা প্রদান

✓ ইউটিলিটি ভাতা =২০০০টাকা প্রদান

✓ পাহাড়ি/দুর্গম/উপকূলীয় অঞ্চলের জন্য ভাতা মূল বেতনের ২০%হারে, সর্বনিম্ন =৩০০০টাকা প্রদান (দুইটির মধ্যে যেটি বেশি সেটি)

✓ ঝুঁকিপূর্ণ কাজের জন্য ঝুঁকি ভাতা মূল বেতনের ৫% হারে, সর্বনিম্ন =৩০০০টাকা (দুইটির মধ্যে যেটি বেশি সেটি প্রদান)

**★ প্রস্তাবিত অন্যান্য আর্থিক সুবিধা সমূহ:**

✓ পেনশন বিদ্যমান ৯০% এর পরিবর্তে ১০০% এ বৃদ্ধি করার দাবি করছি

✓ আনুতোষিকের হার ২৩০টাকার পরিবর্তে ৩৫০টাকায় বৃদ্ধি করার দাবি করছি।

✓ অবসর প্রাপ্ত কর্মচারীদের (চাকুরিজীবী) বাড়ি ভাড়া ভাতা অবসরকালীন প্রাপ্ত মূল বেতনের ৫০% হারে, সর্বনিম্ন =৫,০০০টাকা (দুইটির মধ্যে যেটি বেশি সেটি প্রদান)